

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১১৮

পর্ব - ৮ঃ বিবাহ (১ হার্ন)

পরিচ্ছেদঃ ১১. ইদ্দত পালন, শোক প্রকাশ, জরায়ু শুদ্ধিকরণ ইত্যাদির বর্ণনা - স্বামী নিরুদ্দেশ হলে স্ত্রীর বিধান

আরবী

وَعَنْ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وعَنْ الْمُغِيرةِ بْنِ شُعْبَةَ _ رضي الله عليه وسلم: «امْرَأَةُ الْمَفْقُودِ امْرَأَتُهُ حَتَّى يَأْتِيَهَا الْبَيَانُ». أَخْرَجَهُ الدَّارَقُطْنِيُّ بِإِسْنَادٍ ضَعِيفٍ

ضعيف جدا. رواه الدارقطني (3/ 31255)، بإسناد رجاله ما بين متروك ومجهول

বাংলা

১১১৮। মুগীরাহ বিন শু'বাহ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিরুদ্দিষ্ট বা দীর্ঘদিন অনুপস্থিত ব্যক্তির সংবাদ তার স্ত্রীর নিকটে না পৌছা পর্যন্ত ঐ স্ত্রী তারই থাকবে।
—দারাকুতনী দুর্বল সানাদে।[1]

ফুটনোট

[1] ইমাম বাইহাকী তাঁর সুনান আল কুবরা (৭/৪৪৫) গ্রন্থে বলেন, এটি সম্বলিত হলেও এর সানাদে এমন বর্ণনাকারী বিদ্যমান যাদের দ্বারা হাদীস গ্রহণ সিদ্ধ নয়। আল কামাল বিন আল হাম্মাম তাঁর শরহে ফাতহুল কাদীর (৬/১৩৭) গ্রন্থে বলেন, এর একজন বর্ণনাকারী মুহাম্মাদ বিন শুরাহবীলকে দুর্বল বলা হয়েছে। ইমাম যাঈলয়ী তাঁর নাসবুর রায়াহ (৩/৪৭৩) গ্রন্থে একে দুর্বল বলেছেন। শাইখ আলবানী তাঁর সিলসিলা যঈফা (২৯৩১) ও যঈফুল জামে ১২৫৩ গ্রন্থদ্বয়ে একে অত্যন্ত দুর্বল আখ্যায়িত করেছেন। সুমাইর আয যুহাইরী বলেন, এর বর্ণনারীকারীগণ হয় মাতরূক না হলে মাজহুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 70929$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন